বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন যুব উন্নয়ন অধিদপ্তর এর ২০১৭-১৮ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বরঃ ৩৫/২০২১

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন যুব উন্নয়ন অধিদপ্তর এর ২০১৭-১৮ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বরঃ ৩৫/২০২১

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিবরণ	পৃষ্ঠা নম্বর
	প্রথম অংশ	
১	মুখবন্ধ	v
	অধ্যায়-১	
২	অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী	২-৬
৩	নির্বাহী সারসংক্ষেপ	৭
	অধ্যায়-২	
৫	অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ	৯
৬	অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ	১০-২১
	দ্বিতীয় অংশ	
৭	পরিশিষ্টসমূহ	২৩-৪৯

প্রথম অংশ

মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন যুব উন্নয়ন অধিদপ্তর এর ২০১৭-১৮ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের উপর সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৯ টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ২৩/০৫/১৪২৮ বঙ্গাব্দ
০৭/০৯/২০২১ খ্রিষ্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

অধ্যায়-১

অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

রিপোর্ট সম্পর্কিত তথ্য : এই রিপোর্ট খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ অর্থ বছরের আয়-ব্যয় এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যঃ

খাদ্য অধিদপ্তর

- **প্রতিষ্ঠান পরিচিতিঃ** দ্বিতীয় বিশ্বযুদ্ধের মাঝামাঝি সময় ১৯৪৩ সালে অবিভক্ত বাংলায় ভয়াবহ দুর্ভিক্ষ মোকাবেলায় খাদ্যদ্রব্য সরবরাহ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে "বেঙ্গল সিভিল সাপ্লাই বিভাগ" প্রতিষ্ঠিত হয়। ১৯৪৭ সালে ব্রিটিশ ভারত বিভক্ত হলে খাদ্য ও বেসামরিক সরবরাহ (Food and Civil Supply Dept.) বিভাগ নামে তৎকালীন পূর্ব পাকিস্তানে এ বিভাগের কার্যক্রম শুরু হয়। ১৯৫৬ সালে খাদ্য অধিদপ্তরের স্থায়ী কাঠামো প্রদান করা হলেও সরবরাহ, বন্টন ও রেশনিং, সংগ্রহ, চলাচল ও সংরক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ ইত্যাদি পরিদপ্তর পৃথকভাবে কার্যক্রম অব্যাহত রাখে। ১৯৮৪ সালে প্রশাসনিক সংস্কারের মাধ্যমে সকল পরিদপ্তর একীভূত হয়ে বর্তমান সময়ের পুনর্গঠিত খাদ্য অধিদপ্তর (Director General, Food) প্রতিষ্ঠা লাভ করে।

যুব উন্নয়ন অধিদপ্তর

- **প্রতিষ্ঠান পরিচিতিঃ** কর্মপ্রত্যাশী অনুৎপাদনশীল যুবসমাজকে সুসংগঠিত, সুশৃংখল এবং উৎপাদনমূখী শক্তিতে রূপান্তরের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৮ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয় সৃষ্টি করে যা পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হিসেবে পুন:নামকরণ করা হয়। মাঠ পর্যায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৯৮১ সালে যুব উন্নয়ন অধিদপ্তর সৃষ্টি করা হয়। বেকার যুবকদের মূল ধারায় ফিরিয়ে এনে দেশ গঠনে অংশগ্রহণ বাড়াতে যুবকদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষণ পরবর্তী প্রকল্প গ্রহণকারীদের মাঝে ঋণ প্রদান করা হয়। সৃষ্টিলগ্ন হতে অদ্যাবধি যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুব সমাজের সার্বিক কল্যাণের জন্য বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রচেষ্টায় ইতোমধ্যে প্রায় ৩৬ লক্ষ যুবক প্রশিক্ষণ গ্রহণ করেছেন যাদের অনেকেই দেশে ও বিদেশে সম্মানজনক সামাজিক অবস্থান করে নিতে স্বক্ষমতা অর্জন করেছেন।

- **প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম :**

খাদ্য অধিদপ্তর



যুব উন্নয়ন অধিদপ্তর



- **প্রতিষ্ঠানের কার্যাবলী :**

খাদ্য অধিদপ্তর এর কার্যাবলী

- সরকারি নীতিমালা অনুযায়ী কৃষকের কাছ থেকে সরাসরি ধান, গম ও মিলারের কাছ থেকে চাল ক্রয় এবং মূল্য পরিশোধ;
- খাদ্যশস্যের বাজার দর স্থিতিশীল রাখার লক্ষ্যে ওএমএস/ ফেয়ার প্রাইস কর্মসূচির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠির মাঝে চাল/গম বিক্রয়;
- কাবিখা, টিআর, জিআর, ভিজিডি, ভিজিএফ ইত্যাদি কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুকূলে ডিও ইস্যু ও খাদ্যশস্য সরবরাহ;
- আটাচাক্কি ও খাদ্যশস্যের খুচরা ব্যবসায়ীকে লাইসেন্স প্রদান ও নবায়ন এবং তাদের কার্যকলাপ পর্যবেক্ষণ;
- কৃষকের নিকট থেকে ক্রয় করা ধান থেকে স্থানীয় মিলারদের মাধ্যমে চাল উৎপাদন;
- গুদামে সংরক্ষিত খাদ্যশস্যের মান নিয়ন্ত্রণ ও নিরাপত্তা বিধান;
- বরাদ্দকৃত খাদ্যসামগ্রীর মূল্য চালানের মাধ্যমে আদায় নিশ্চিতকরণ;
- ডিলার কর্তৃক ফেয়ার প্রাইস কার্ড বা মাস্টাররোলের মাধ্যমে খাদ্যসামগ্রী বিক্রয় তদারকি ও নিশ্চিতকরণ;
- গুদামে মজুদের পরিমাণ লক্ষ্য রাখা এবং প্রয়োজনে মজুদ বৃদ্ধির জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে সময়মত জানানো এবং ব্যবস্থা গ্রহণ।

যুব উন্নয়ন অধিদপ্তর এর কার্যাবলী

- যুবকদের প্রশিক্ষণ, উন্নয়ন ও কল্যাণমুখী যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি এবং তাদের জাতীয় উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্তকরণ;
- বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উন্নয়নমূলক কাজে যুবকদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিতকরণ, সফল যুবদের পুরস্কার প্রদান ও যুব সংগঠনকে অনুদান প্রদান;
- জাতিগঠনমূলক কাজে যুবদের সম্পৃক্তকরণ ও ক্ষমতায়ন;
- ক্রীড়াক্ষেত্রে প্রতিভা অন্বেষণ, গ্রামাঞ্চলে ক্রীড়ার পরিবেশ সৃষ্টি ও দক্ষ ক্রীড়াবিদ তৈরি এবং জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধূলার আয়োজন ও অংশগ্রহণ;
- বিভিন্ন ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান এবং অস্বচ্ছল ক্রীড়াবিদদের কল্যাণে অনুদান প্রদান;
- ক্রীড়া স্থাপনা নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ :

খাদ্য অধিদপ্তর

অফিসের নাম	সংশোধিত বরাদ্দ	প্রকৃত ব্যয়	বরাদ্দ অপেক্ষা ব্যয়ের শতকরা হার	মন্তব্য
খাদ্য অধিদপ্তর	১২৭২৪,৯১,২০,০০০	১১৫৯৫,৬৯,৩৭,০০০	৮০.৮৫%	উপজেলা ও জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিএসডি, এলএসডিসহ সকল ইউনিটের বরাদ্দ ও খরচ খাদ্য অধিদপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত হয়।

যুব উন্নয়ন অধিদপ্তর

(ক) অনুন্নয়ন বাজেট ও ব্যয়:

অর্থ বছর	মূল বরাদ্দ	সংশোধিত বরাদ্দ	মোট ব্যয়	উদ্বৃত্ত
২০১৭-১৮	১০৫৯,৮৩,০০,০০০	৯৬৪,৬২,২৬,০০০	৮১২,৮৯,২০,০০০	(১৫১,৭৩,০৬,০০০)

(খ) উন্নয়ন বাজেট ও ব্যয়:

অর্থ বছর	মূল বরাদ্দ	সংশোধিত বরাদ্দ	মোট ব্যয়	উদ্বৃত্ত
২০১৭-১৮	৩২৭,৩২,০০,০০০	২২৫,৮৬,০০,০০০	২১৫,৪৬,৯৫,০০০	(১০,৩৯,০৫,০০০)

অডিটের আইনগত ভিত্তি: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

অডিটের পরিধি: ২০১৭-১৮ অর্থ বছরের মঞ্জুরি নং-৪৪ (খাদ্য মন্ত্রণালয়) এবং মঞ্জুরি নং-৩৩ (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়)।

অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্যঃ

খাদ্য অধিদপ্তর

- অডিট প্ল্যান অনুমোদনের তারিখ : ০৩/০১/২০১৯ খ্রি.
- এন্ট্রি-মিটিং এর তারিখ : ১৩/০১/২০১৯ খ্রি.
- মাঠ পর্যায়ে অডিটের সময়কাল : ২০/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯ খ্রি.
- এক্সিট-মিটিং এর সময়কাল : ২০/০৬/২০১৯ খ্রি.
- এআইআর জারির তারিখ : ২২/০৯/২০১৯ খ্রি.
- সিএজি কার্যালয় কর্তৃক অনুমোদনের তারিখ : ২৪/০৬/২০২১ খ্রি.
- অডিট সম্পাদনকারী অধিদপ্তর : সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।

যুব উন্নয়ন অধিদপ্তর

- অডিট প্ল্যান অনুমোদনের তারিখ : ২০/০১/২০১৯ খ্রি.
- এন্ট্রি-মিটিং এর তারিখ : ১৫/০১/২০১৯ খ্রি.
- মাঠ পর্যায়ে অডিটের সময়কাল : ২৭/০১/২০১৯ খ্রি. হতে ১৬/০৫/২০১৯ খ্রি.
- এক্সিট-মিটিং এর সময়কাল : ২৩/০৬/২০১৯ খ্রি.
- এআইআর জারির তারিখ : ১৬/০৭/২০১৯ খ্রি.
- সিএজি কার্যালয় কর্তৃক অনুমোদনের তারিখ : ২৪/০৬/২০২১ খ্রি.
- অডিট সম্পাদনকারী অধিদপ্তর : সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।

অডিট কৌশলঃ

১. তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ;
২. ইউনিট নির্ধারণ;
৩. নমুনায়নের মাধ্যমে লেনদেন বাছাই ও নথিপত্র বিশ্লেষণ।

নির্বাহী সারসংক্ষেপ

সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত: প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।
নিরীক্ষায় উত্থাপিত অডিট অনুচ্ছেদসমূহের প্রেক্ষিতে ২৮,৩৪,২৩৫ টাকা আদায়/সমন্বয়পূর্বক সরকারি কোষাগারে জমাপ্রদান করা হয়েছে এবং নিরীক্ষিত প্রতিষ্ঠান সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেছে।

এই রিপোর্টে খাদ্য অধিদপ্তরের ০৮টি এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ০১টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ যথাক্রমে ২৮৩,৫০,৮১,৬৪৬ (দুইশত তিরাশি কোটি পঞ্চাশ লক্ষ একাশি হাজার ছয়শত ছেচল্লিশ) টাকা যা মোট বরাদ্দের ২.২৩% এবং ৬,৪০,১৬,৪১৭ (ছয় কোটি চল্লিশ লক্ষ ষোল হাজার চারশত সতের) টাকা যা মোট বরাদ্দের ০.৫৪%। এই রিপোর্টের অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ:

- চাহিদার দ্বিগুন মজুদ থাকা সত্ত্বেও অপ্রয়োজনীয়ভাবে বস্তা ক্রয়।
- বাংলাদেশ ব্যাংকের ঘোষিত হিস্ট্রিক্যাল Exchange Rate বহির্ভূত উচ্চ মূল্যে ডলার কনভার্শন করে চাল ও গমের মূল্য পরিশোধ।
- বিনির্দেশ অপেক্ষা নিম্নমানের খাবার অযোগ্য গম ক্রয় করে উচ্চ মূল্য পরিশোধ।
- নির্ধারিত পরিমাণ চাল, গম সরবরাহে ব্যর্থতার জন্য চুক্তিপত্রের শর্ত মোতাবেক পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত না করা।
- অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে ভূমি অধিগ্রহণ মূল্যের সাথে ২% ভাউচার বিহীন আনুষঙ্গিক খরচ পরিশোধ।
- নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করা।
- সিআরটিসির (কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার) চলাচল সূচির আওতায় প্রেরিত চাল খোয়া যাওয়ায় পরিবহণ ঠিকাদারের নিকট হতে ক্ষতির মূল্য আদায় না করা।
- বিভিন্ন এলএসডি ও সিএসডিতে চাল ও গম আত্মসাৎকারী দায়ী ব্যক্তিগণের নিকট হতে ক্ষতিপূরণের টাকা আদায় না করা।
- প্রকল্প সমাপ্তির পর অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা এবং পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

অধ্যায়-২

অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	জড়িত (টাকা)
	খাদ্য অধিদপ্তর, খাদ্য মন্ত্রণালয়	
০১	৭.৪৬ কোটি পিস বস্তা মজুদ থাকা সত্ত্বেও অপ্রয়োজনীয়ভাবে বস্তা ক্রয়ে আর্থিক ক্ষতি	২১৯,৬৭,৪১,০০০
০২	বাংলাদেশ ব্যাংকের ঘোষিত হিস্ট্রিক্যাল Exchange Rate বহির্ভূত উচ্চ মূল্যে ডলার কনভার্শন করে চাল ও গমের মূল্য পরিশোধে আর্থিক ক্ষতি	১৫,৫৮,২৭,৩৩৯
০৩	বিনির্দেশ অপেক্ষা নিম্নমানের খাবার অযোগ্য গম ক্রয় করে উচ্চ মূল্য পরিশোধ করায় আর্থিক ক্ষতি	১৭,৭২,৭১,৬৩১
০৪	বিভিন্ন এলএসডি ও সিএসডিতে চাল ও গম আত্মসাৎ হলেও দায়ী ব্যক্তিগণের নিকট হতে ক্ষতিপূরণের টাকা আদায় না করায় আর্থিক ক্ষতি	১৭,৬৩,৪৬,২৩৭
০৫	নির্ধারিত পরিমাণ চাল, গম সরবরাহে ব্যর্থতার জন্য চুক্তিপত্রের শর্ত মোতাবেক পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত না করায় আর্থিক ক্ষতি	১২,৩৩,০৯,৪০৫
০৬	অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে ভূমি অধিগ্রহণ মূল্যের সাথে ২% ভাউচারবিহীন আনুষঙ্গিক খরচ পরিশোধে আর্থিক ক্ষতি	১৮,৭৩,০০৩
০৭	নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় আর্থিক ক্ষতি	২৮,৬১,৭১১
০৮	কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) এর চলাচল সূচির আওতায় প্রেরিত ১৫ মেট্রিক টন চাল খোয়া যাওয়ায় পরিবহণ ঠিকাদারের নিকট হতে ক্ষতির মূল্য আদায় না করায় আর্থিক ক্ষতি	**৮,৫১,৩২০**
	মোট	২৮৩,৫০,৮১,৬৪৬
	যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	
০৯	প্রকল্প সমাপ্তির পর অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা না করে বাণিজ্যিক ব্যাংকে এফডিআর করায় সরকারের আর্থিক ক্ষতি	৬,৪০,১৬,৪১৭
	মোট	৬,৪০,১৬,৪১৭
	সর্বমোট	২৮৯,৯০,৯৮,০৬৩
কথায় : দুইশত উননব্বই কোটি নব্বই লক্ষ আটানব্বই হাজার তেষট্টি টাকা		

অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নম্বর : ০১

শিরোনাম : ৭.৪৬ কোটি পিস বস্তা মজুদ থাকা সত্ত্বেও অপ্রয়োজনীয়ভাবে বস্তা ক্রয়ের ফলে আর্থিক ক্ষতি ২১৯,৬৭,৪১,০০০ (দুইশত উনিশ কোটি সাতষট্টি লক্ষ একচল্লিশ হাজার) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে ৭.৪৬ কোটি পিস বস্তা মজুদ থাকা সত্ত্বেও অপ্রয়োজনীয়ভাবে বস্তা ক্রয়ের ফলে ২১৯,৬৭,৪১,০০০ (দুইশত উনিশ কোটি সাতষট্টি লক্ষ একচল্লিশ হাজার) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-১(ক)]।

খাদ্য অধিদপ্তরের ক্যাশ বহি, বিল-ভাউচার, বস্তা ক্রয়ের বাৎসরিক চাহিদা এবং ক্রয়কৃত বস্তার মজুদ পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে ৬.০০ কোটি পিস, ২০১৬-২০১৭ অর্থ বছরের ৮.০০ কোটি পিস বস্তা ক্রয় করা হলে সংশ্লিষ্ট বছরে খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ৩০-০৬-২০১৭ খ্রি. তারিখে ৭.৪৬ কোটি পিস বস্তা অব্যবহৃত অবস্থায় রয়েছে। অধিদপ্তরের বস্তার চাহিদা সর্বোচ্চ ৩.৫০ কোটি পিস এবং ৩০-০৬-২০১৭ খ্রি. তারিখের অব্যবহৃত বস্তার মজুদ ৭.৪৬ কোটি পিস। খাদ্য অধিদপ্তরের প্রদর্শিত রেকর্ড মোতাবেক দেশের বিভিন্ন এলএসডি/সিএসডিতে মজুদকৃত বস্তার ব্যবহারযোগ্য মেয়াদকাল উৎপাদনের পরবর্তী ২(দুই) বছর বিধায় পূর্ববর্তী বছরের চাহিদার তুলনায় দ্বিগুন বস্তা মজুদ থাকা সত্ত্বেও মজুদ বস্তার ব্যবহার নিশ্চিত না করে পুনরায় নতুন বস্তা ক্রয় করা হয়েছে। ফলে, জেনারেল ফিনান্সিয়াল রুলস্ (জিএফ আর) এর বিধি -১০ মোতাবেক আর্থিক যথার্থতার মানদন্ড লঙ্ঘিত হয়েছে।

উল্লেখ্য, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-১৫(২)(ঝ) মোতাবেক শুধুমাত্র জরুরী প্রয়োজনীয় পরিমাণ পণ্য ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত পণ্য ক্রয় করা যাবে না। এক্ষেত্রে প্রয়োজন না থাকা সত্ত্বেও উক্ত বস্তা ক্রয় করে আপত্তিকৃত অর্থ অপচয় করা হয়েছে।

অনিয়মের কারণ :

- জিএফআর এর বিধি-১০ এর লঙ্ঘন। [বিস্তারিত পরিশিষ্ট-১(খ)]।
- পিপিআর, ২০০৮ এর বিধি-১৫(২)(ঝ) লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

অডিটি প্রতিষ্ঠান হতে কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে আপত্তিটি চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করে ২২/০৯/২০১৯ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে প্রেরণ করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-১৫(২)(ঝ) এর ব্যত্যয় ঘটিয়ে প্রয়োজন না থাকা সত্ত্বেও বস্তা ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক জড়িত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০২

শিরোনাম : বাংলাদেশ ব্যাংকের ঘোষিত হিস্ট্রিক্যাল Exchange Rate বহির্ভূত উচ্চ মূল্যে ডলার কনভার্শন করে চাল ও গমের মূল্য পরিশোধে আর্থিক ক্ষতি ১৫,৫৮,২৭,৩৩৯ (পনের কোটি আটান্ন লক্ষ সাতাশ হাজার তিনশত উনচল্লিশ) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে বাংলাদেশ ব্যাংকের ঘোষিত হিস্ট্রিক্যাল Exchange Rate বহির্ভূত উচ্চ মূল্যে ডলার কনভার্শন করে চাল ও গমের মূল্য পরিশোধে ১৫,৫৮,২৭,৩৩৯ (পনের কোটি আটান্ন লক্ষ সাতাশ হাজার তিনশত উনচল্লিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট ২(ক)]।

বিস্তারিত নিরীক্ষায় আন্তর্জাতিক কোটেশনের মাধ্যমে গম ও চাল ক্রয়ের নথি ও রেকড-পত্র যাচাইকালে দেখা যায় যে, আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে চাল ও গম সংগ্রহের পর খাদ্য অধিদপ্তরের ইস্যুকৃত এবং সিএও খাদ্য মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাংকনকৃত মঞ্জুরিপত্রে ইউএস ডলারের বিনিময় হার উল্লেখ করা হয়নি বিধায় পরিশোধ তারিখের বিনিময় হার প্রযোজ্য হবে। মঞ্জুরীপত্রে ডলারের বিনিময় হার উল্লেখ না থাকায় উক্ত অর্থ পারিশোধকালে হিস্ট্রিক্যাল Exchange Rate অপেক্ষা অধিক হারে মূল্য পরিশোধ করা হয়েছে। অর্থাৎ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সংশ্লিষ্ট দিনের হিস্ট্রিক্যাল Exchange Rate অপেক্ষা অধিক মূল্যে ডলার কনভার্শন করা হয়েছে। ফলে জেনারেল ফিনান্সিয়াল রুলস্ (জিএফআর) এর বিধি-১০ মোতাবেক আর্থিক যথার্থতার মানদন্ড লঙ্ঘন করে উচ্চ মূল্যে ডলার বিনিময় করে সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে।

অনিয়মের কারণ :

- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সংশ্লিষ্ট দিনের হিস্ট্রিক্যাল Exchange Rate অনুসরণ না করা।
- জিএফআর এর বিধি-১০ এর লঙ্ঘন [বিস্তারিত পরিশিষ্ট-২(খ)]।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

অডিটি প্রতিষ্ঠান হতে কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে আপত্তিটি চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করে ২২/০৯/২০১৯ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে প্রেরণ করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সংশ্লিষ্ট দিনের হিস্ট্রিক্যাল Exchange Rate অনুসরণ ব্যতিরেকে এবং জিএফআর এর বিধি-১০ এর লঙ্ঘন করে উচ্চ মূল্যে ডলার বিনিময় করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক জড়িত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০৩

শিরোনাম : বিনির্দেশ (নমুনা) অপেক্ষা নিম্নমানের খাবার অযোগ্য গম ক্রয় করে মূল্য পরিশোধ করায় আর্থিক ক্ষতি ১৭,৭২,৭১,৬৩১ (সতের কোটি বাহাত্তর লক্ষ একাত্তর হাজার ছয়শত একত্রিশ) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে বিনির্দেশ অপেক্ষা নিম্নমানের খাবার অযোগ্য গম ক্রয় করে মূল্য পরিশোধে ১৭,৭২,৭১,৬৩১ (সতের কোটি বাহাত্তর লক্ষ একাত্তর হাজার ছয়শত একত্রিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট ৩(ক)]।

বিস্তারিত নিরীক্ষায় গম ক্রয়ের নথি ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, M/S Sing Song Cor. এর সাথে সম্পাদিত চুক্তি নং-৩৬৯০, তারিখ: ১৪/১২/২০১৭ খ্রি. মোতাবেক প্রতি মেট্রিক টন ২৪৫.৩৫ ইউএস ডলার হারে ৫০ হাজার মেট্রিক টন গম ক্রয় করা হয়। এমভি সুপারষ্টার জাহাজ থেকে চট্টগ্রাম বন্দরে প্রথম খালাসকৃত ৩১৫০০ মেট্রিক টন গম বিনির্দেশ মানের পাওয়া যায়। জাহাজের তলদেশে থাকায় এবং মেয়াদ উত্তীর্ণ হওয়ায় অবশিষ্ট গম ল্যাব পরীক্ষায় খাবার অযোগ্য বিবেচিত হয়।

স্মারক নং-৮০ তাং-৩১/০৩/১৮ খ্রি. মোতাবেক সহকারী রসায়নবিদ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক উক্ত জাহাজের ২ এবং ৪ নং হ্যাচে থাকা (১২৩৪৭ +৮৬৫৩) বা ২১০০০ মেট্রিক টন গম বিনির্দেশ অপেক্ষা খুবই নিম্নমানের হওয়ায় খাবার অযোগ্য ঘোষণা করা হয়।

খাদ্য অধিদপ্তরের ল্যাব পরীক্ষায় ২ (দুই) টি হ্যাচের মধ্যে থাকা গমের গুণগত মান একই হওয়া সত্ত্বেও কর্তৃপক্ষ একটি বাতিল করে অপরটি গ্রহণ ও মূল্য পরিশোধ করায় (৮,৬৫৩ ×২৪৫.৩৫) বা ২১,২৩,০১৩.৫৫ ডলার, প্রতি ডলার ৮৩.৫০ টাকা হারে ১৭,৭২,৭১,৬৩১ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ :

খাদ্য অধিদপ্তরের ল্যাব পরীক্ষায় প্রমাণিত বিনির্দেশ (নমুনা) অপেক্ষা নিম্নমানের খাবার অযোগ্য গম ক্রয় বাবদ মূল্য পরিশোধ [বিস্তারিত পরিশিষ্ট-৩(খ)]।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

অডিটি প্রতিষ্ঠান হতে কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে আপত্তিটি চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করে ২২/০৯/২০১৯ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে প্রেরণ করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

খাদ্য অধিদপ্তরের ল্যাব পরীক্ষায় প্রমাণিত বিনির্দেশ (নমুনা) অপেক্ষা নিম্নমানের খাবার অযোগ্য গম ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক জড়িত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০৪

শিরোনাম : বিভিন্ন এলএসডি ও সিএসডিতে চাল ও গম আত্মসাৎ হলেও দায়ী ব্যক্তির নিকট হতে ক্ষতিপূরণ আদায় না করায় আর্থিক ক্ষতি ১৭,৬৩,৪৬,২৩৭ (সতের কোটি তেষট্টি লক্ষ ছেচল্লিশ হাজার দুইশত সাইত্রিশ) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে বিভিন্ন এলএসডি ও সিএসডিতে চাল ও গম আত্মসাৎ হলেও দায়ী ব্যক্তির নিকট হতে ক্ষতিপূরণের টাকা আদায় না করায় **১৭,৬৩,৪৬,২৩৬** (সতের কোটি তেষট্টি লক্ষ ছেচল্লিশ হাজার দুইশত সাইত্রিশ) আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট ৪(ক)]।

বিস্তারিত নিরীক্ষায় খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের স্মারক নং-৩.০১.০০০০.০৩৩.২৭.১১৮.১৭-৭৭৬ তারিখ: ২৭/১২/২০১৮ খ্রি. এর মাধ্যমে জারীকৃত অফিস আদেশ পর্যালোচনায় দেখা যায় যে, জনাব এ, কে, এম মহিউদ্দিন (ভারপ্রাপ্ত কর্মকর্তা), উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চান্দিনার দায়িত্বে নিয়োজিত থাকাকালীন বিভিন্ন খাদ্য গুদাম হতে ০৬টি ইনভয়েসে প্রেরিত ২৯.২২৫ মেট্রিক টন চাল ও ৫৯.৮৪০ মেট্রিক টন গম চান্দিনা খাদ্য গুদামে আসলেও তা রেকর্ড পত্রে এন্ট্রি ও গুদাম লেজারে হিসাবভুক্ত না করে তছরূপ /আত্মসাৎ করেন যা গঠিত তদন্ত কমিটি কর্তৃক প্রমাণিত হয়েছে। আত্মসাৎকৃত গম ও চালের মূল্য একক হারে ২১,১৮,৪০৪.৬৬ টাকা, যা দন্ডমূলক দ্বিগুণ হারে ৪২,৩৬,৮০৯.৩২ টাকা আদায়যোগ্য।

খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের স্মারক নং-১৩.০১.০০০০.০৩৩.২৭.০৪৮.১৭-৫০২ তারিখ: ৬/৮/২০১৮ খ্রি. এর মাধ্যমে জারীকৃত অফিস আদেশ হতে দেখা যায় যে, জনাব এ, কে, এম মহিউদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লায় ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে গত ১১/০১/২০১৪ খ্রি. হতে ৫/১০/২০১৬ খ্রি. পর্যন্ত দৌলতগঞ্জ এলএসডি, লাকসাম, কুমিল্লায় কর্মরত ছিলেন। বিভিন্ন খাদ্য গুদাম হতে ১০১টি ভি-ইনভয়েসে প্রাপ্ত ৮৬৮.০০০ মেট্রিক টন চাল, ৮৬০.৬০৩ মেট্রিক টন গম এবং অন্যান্য উপায়ে ২৫০০ পিস খালি বস্তা ভি-ইনভয়েস প্রতারণা, বাতিল ডিও মুলে বিলি প্রদর্শন, ডিও'র পরিমাণের চেয়ে বেশি বিলি দেখানো এবং অন্যান্য উপায়ে আত্মসাৎ করেছেন, যা বিভাগীয় তদন্ত কমিটির নিকট প্রমাণিত হয়েছে। আত্মসাৎকৃত চাল ও গমের একক মূল্য ৫,২০,৫৭,০৯০.৭৭ টাকা, যা দন্ডমূলক দ্বিগুণ হারে মূল্য ১০,৪১,১৪,১৮১.৫৪ টাকা, যা আদায়যোগ্য।

খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের স্মারক নং-১৩.০১.০০০০.০৩৩.২৭.০০৬.১৮-৫০৭ তারিখ: ২৫/০৮/২০১৯ খ্রি. এর মাধ্যমে জারীকৃত অফিস আদেশ পর্যালোচনায় দেখা যায় যে, জনাব এ, কে, এম মহিউদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দাউদকান্দি এলএসডি, দাউদকান্দি, কুমিল্লায় ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে গত ২৯/০৯/২০১১ খ্রি. হতে ০৩/০১/২০১৪ খ্রি. কর্মরত ছিলেন। দেশের বিভিন্ন খাদ্য গুদাম হতে প্রাপ্ত ৭৩টি ভি-ইনভয়েস মূলে ১৮৮৮০৯ বস্তায় ৯৩৫.১১২ মেট্রিক টন চাল ও ১৮১১ বস্তায় ৯০.৪৯২ মেট্রিক টন গম মনগড়া ভাবে সাপ্তাহিক ও মাসিক মজুদ প্রতিবেদন প্রস্তুত করে আত্মসাৎ করেন, যা তদন্ত কমিটির নিকট প্রমাণিত হয়েছে। আত্মসাৎকৃত চাল ও গমের মূল্য একক হারে ৩,৩৯,৯৭,৬২৩.০৬ টাকা, যা দন্ডমূলক দ্বিগুণ হারে ৬,৭৯,৯৫,২৪৬.১২ টাকা, যা আদায়যোগ্য।

জনাব এ, কে, এম মহিউদ্দিন আত্মসাৎ এর উদ্দেশ্য চরিতার্থ করার লক্ষ্যে খাদ্যশস্য প্রাপ্তির স্বপক্ষে সাপ্তাহিক প্রাপ্তি বিবরণী জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ করতেন না, তাছাড়া ভি-ইনভয়েস পাঠাতে অস্বাভাবিক বিলম্ব করতেন। তাছাড়া তিনি এলএসডির খামালকার্ড, গল(গুদাম লেজার), সেন্ট্রাল লেজার, এলইউএ, ভি-ইনভয়েস, প্রাপ্তি বিবরণী, সাপ্তাহিক মজুদ বিবরণী, পরিদর্শন বহি, ইস্যু রেজিস্টার অফিসে সংরক্ষণ না করে নিয়ম বহির্ভূতভাবে তার বাস ভবনে

সংরক্ষণ করতেন। তাছাড়া, টি.আই.(Technical Inspector), উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক কোন পরিদর্শন বা যাচাই করা হয়নি বলেই অভিযুক্ত কর্মকর্তা দিনের পর দিন কোটি কোটি টাকার চাল ও গম আত্মসাতের সুযোগ পেয়েছেন।

অনিয়মের কারণ :

সরকারি অর্থে ক্রয়কৃত চাল ও গম খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক জালিয়াতি এবং আত্মসাৎ হওয়া [বিস্তারিত পরিশিষ্ট-৪(খ)]।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

অডিটি প্রতিষ্ঠান হতে কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে আপত্তিটি চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করে ২২/০৯/২০১৯ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে প্রেরণ করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

একই কর্মকর্তা একাধিক কর্মস্থলে সরকারি চাল ও গম আত্মসাতের সাথে জড়িত থাকা সত্ত্বেও অদ্যাবধি যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিতে জড়িত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০৫

শিরোনাম : নির্ধারিত পরিমাণ চাল, গম সরবরাহে ব্যর্থতার জন্য চুক্তিপত্রের শর্ত মোতাবেক পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত না করায় আর্থিক ক্ষতি ১২,৩৩,০৯,৪০৫ (বার কোটি তেত্রিশ লক্ষ নয় হাজার চারশত পাঁচ) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে নির্ধারিত পরিমাণ চাল, গম সরবরাহে ব্যর্থতার জন্য চুক্তিপত্রের শর্ত মোতাবেক পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত না করায় ১২,৩৩,০৯,৪০৫ (বার কোটি তেত্রিশ লক্ষ নয় হাজার চারশত পাঁচ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট ৫(ক)]।

বিস্তারিত নিরীক্ষায় চাল ও গম ক্রয়ের নথি রেকর্ডপত্র যাচাইয়ে দেখা যায় যে, ৪০ দিনের মধ্যে খাদ্য শস্য জাহাজীকরণ করার শর্তে ঠিকাদারের সাথে চুক্তিপত্র সম্পাদিত হয়। কিন্তু ঠিকাদার বারবার সময় বৃদ্ধি করে কালক্ষেপণ করায় সময়ের ব্যবধানে আন্তর্জাতিক বাজারে গমের মূল্য বৃদ্ধি পায়। ফলে ১৮৫ দিন পর সরবরাহে ব্যর্থতার দায়ে ঠিকাদারের কার্যাদেশ বাতিল করা হয়েছে। চুক্তির শর্ত ৩১(৫) এ উল্লেখ রয়েছে Quotationer whose whole PG (Performance Guarantee) had been forfeited for non-supply of the contracted quantity, will not be eligible to participate in quotation for the rest period of the current financial year, whether the money accruing from PG so forfaited is deposited to the Government treasury কিন্তু সে মোতাবেক পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত করা হয়নি।

অনিয়মের কারণ :

চুক্তির শর্ত ৩১(৫) এর লঙ্ঘন [বিস্তারিত পরিশিষ্ট-৫(খ)]।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

অডিটি প্রতিষ্ঠান হতে কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে আপত্তিটি চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করে ২২/০৯/২০১৯ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে প্রেরণ করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

চুক্তির শর্ত ৩১(৫) এর লঙ্ঘন করে পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত না করায় আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক জড়িত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০৬

শিরোনাম : অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে ভূমি অধিগ্রহণ মূল্যের সাথে ২% ভাউচারবিহীন আনুষঙ্গিক খরচ পরিশোধে আর্থিক ক্ষতি ১৮,৭৩,০০৩ (আঠারো লক্ষ তিয়াত্তর হাজার তিন) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে ভূমি অধিগ্রহণ মূল্যের সাথে ২% ভাউচার বিহীন আনুষঙ্গিক খরচ পরিশোধে ১৮,৭৩,০০৩ (আঠারো লক্ষ তিয়াত্তর হাজার তিন) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট ৬(ক)]।

বিস্তারিত নিরীক্ষাকালে ভূমি অধিগ্রহণের নথি ও রেকর্ডপত্র যাচাইয়ে দেখা যায় যে, খাদ্য অধিদপ্তর কর্তৃক বিভিন্ন স্থাপনা নির্মাণের প্রয়োজনে জমি অধিগ্রহণকালে নিয়ম বহির্ভূতভাবে ২% আনুষঙ্গিক খরচ বাবদ জেলা প্রশাসক বরাবর পরিশোধ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্বারক নং- অম/অবি/ব্যয় নিয়ন্ত্রণ-২/ভূমি-১/০৭/২৮১, তারিখ: ২৫/০১/২০০৭ খ্রি. মোতাবেক অধিগ্রহণ মূল্যের সাথে ২% আনুষঙ্গিক খরচ পরিশোধের অবকাশ নেই ।কারণ আনুষঙ্গিক খরচ মিটানোর জন্য জেলা প্রশাসক অফিসের সরকারি বরাদ্দই যথেষ্ট।

অনিয়মের কারণ :

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/অবি/ব্যয় নিয়ন্ত্রণ-২/ভূমি-১/০৭/২৮১, তারিখ: ২৫/০১/২০০৭ খ্রি. এর লঙ্ঘন [বিস্তারিত পরিশিষ্ট-৬(খ)]।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

অডিটি প্রতিষ্ঠান হতে কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে আপত্তিটি চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করে ২২/০৯/২০১৯ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে প্রেরণ করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- অম/অবি/ব্যয় নিয়ন্ত্রণ-২/ভূমি-১/০৭/২৮১, তারিখ: ২৫/০১/২০০৭ খ্রি. এর লঙ্ঘন করে ভূমি অধিগ্রহণ কালে নিয়ম বহির্ভূতভাবে ২% আনুষঙ্গিক খরচ বাবদ জেলা প্রশাসক বরাবর পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক জড়িত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০৭

শিরোনাম : নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় আর্থিক ক্ষতি ২৮,৬১,৭১১ (আটাশ লক্ষ একষট্টি হাজার সাতশত এগারো) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর, ঢাকা এর আওতাধীন সাইলো নারায়নগঞ্জ ও তেজগাঁও সিএসডি; উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শ্রীপুর, মাগুরা এবং খুলনা এর নিয়ন্ত্রনাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাগেরহাট; উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শরণ খোলা, বাগেরহাট ও গৌরম্ভা খাদ্য গুদাম রামপাল, বাগেরহাট কার্যালয়ের মঞ্জুরি ও বরাদ্দের ২০১৭-২০১৮ অর্থ বছরে শ্রমিক হ্যান্ডলিং বিল এবং ওএমএস ডিলারদের প্রাপ্ত কমিশনের উপর ভ্যাট কর্তন না করায় **২৮,৬১,৭১১** (আটাশ লক্ষ একষট্টি হাজার সাতশত **এগারো**) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট -৭(ক-চ)]।

বিস্তারিত নিরীক্ষায় ঠিকাদার নথি ও বিল রেজিস্টার হতে দেখা যায় যে,
(ক) মূসক আইন ১৯৯১, SO.৩৭.০০ শ্রমিক হ্যান্ডলিং যোগানদার সেবার অন্তর্ভুক্ত। এসআরও নং-১৬৮/আইন/২০১৩/ ৬৭২/মূসক তারিখ: ০৬/০৬/২০১৩ মতে চুক্তি মূল্য বা নির্ধারিত মূল্যে পণ্য/সেবা প্রদানকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/সংস্থার বিল থেকে ভ্যাট কর্তন করতে হবে। শ্রম হ্যান্ডলিং SO.৭২.০০ এসআরওভুক্ত বিধায় নির্ধারিত হারে ভ্যাট কর্তনযোগ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-৬/মূসক/২০১৮ মোতাবেক শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক ঠিকাদার বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত হারে ১৫% ভ্যাট কর্তন ও সরকারি কোষাগারে জমা নিশ্চিত করতে হবে।

শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানের বিলের উপর ১৫% ভ্যাট বাবদ সাইলো নারায়নগঞ্জ এর ২২,৪৫,৭৫৬ টাকা এবং তেজগাঁও সিএসডি এর ৩,৪৪,৩৮০ টাকা সর্বমোট ২৫,৯০,১৩৬ টাকা ভ্যাট কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে।

(খ)জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও ২০১০ নং-২৪৪-আইন/২০১০/৫৬৪-মূসক তারিখ: ৩০/০৬/২০১০ খ্রি. এর বিধি-১৮(ঙ)(১) এর খ অনুযায়ী প্রদত্ত লাইসেন্স রেজিস্ট্রেশন, পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বন্টন, রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোন ভাবে সমুদয় অর্থের উপর উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে ১৫% হারে উৎসে মূল্য সংযোজন কর (ভ্যাট) আদায় করতে হবে।

ওএমএস নীতিমালা অনুযায়ী ওএমএস ডিলারগণ প্রতি কেজি চাল ২২.৫০ টাকা হারে ক্রয় করে ২৪ টাকা হারে বিক্রয় করবে এবং প্রতি কেজি হতে ১.৫০ টাকা কমিশন প্রাপ্ত হবে। উপরে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ ওএমএস কার্যক্রমে প্রতি কেজি চালের ১.৫০ টাকা হারে কমিশন প্রদান করা হলেও উক্ত কমিশন থেকে ভ্যাট আদায় করা হয়নি।
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া সদরে মোট ১৮৮৫৫০০ কেজি চাল ওএমএস ডিলারগণ উত্তোলন করে কমিশন প্রাপ্ত হলেও উহার উপর কোন ভ্যাট আদায় না করায় ৪,২৪,২৩৮ টাকা রাজস্ব ক্ষতি হয় ।
অনুরূপভাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীপুর, মাগুরায় ১,১২,২৭৫ টাকা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাগেরহাটে ১,৪১,০৭৫ টাকা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শরনখোলায় ১,৩৫০ টাকা ও এলএসডি, গৌরম্ভা, রামপাল, বাগেরহাটে ১৬,৮৭৫ টাকা, অর্থাৎ উক্ত প্রতিষ্ঠানগুলোতে কমিশনের উপর ভ্যাট আদায় না করায় সর্বমোট (১,১২,২৭৫+ ১,৪১,০৭৫+ ১,৩৫০+ ১৬,৮৭৫) বা ২,৭১,৫৭৫ টাকা ক্ষতি। অর্থাৎ ২৫,৯০,১৩৬+ ২,৭১,৫৭৫ বা **২৮,৬১,৭১১** টাকা সংশ্লিষ্টদের নিকট হতে আদায়যোগ্য।

অনিয়মের কারণ :

(১) এসআরও নং-১৬৮/আইন/২০১৩/৬৭২/মূসক, তারিখ : ০৬/০৬/২০১৩ এর SO. ৭২.০০ লঙ্ঘন [বিস্তারিত পরিশিষ্ট- ৭(চ)]।

(২) জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও ২০১০ নং-২৪৪-আইন/২০১০/৫৬৪-মূসক তারিখ: ৩০/০৬/২০১০ খ্রি. এর বিধি-১৮(ঙ)(১) এর খ এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

অডিটি প্রতিষ্ঠানের জবাবে বলা হয়েছে যে, নথিপত্র এবং পর্যালোচনা সাপেক্ষে অডিটকে জানানো হবে। পরবর্তীতে আপত্তিটি চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করে ২২/০৯/২০১৯ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে প্রেরণ করা হলেও অদ্যাবধি জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ মোতাবেক নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিতে জড়িত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০৮

শিরোনাম : কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) এর চলাচল সূচির আওতায় প্রেরিত ১৫ মেট্রিক টন চাল খোয়া যাওয়ায় পরিবহণ ঠিকাদারের নিকট হতে ক্ষতির মূল্য আদায় না করায় আর্থিক ক্ষতি ৮,৫১,৩২০ (আট লক্ষ একান্ন হাজার তিনশত বিশ) টাকা।

বিবরণ :

খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খাদ্য অধিদপ্তর এর আওতাধীন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহীর অধীন সিএসডি সান্তাহার এর ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থ বছরে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) এর চলাচল সূচির আওতায় প্রেরিত ১৫ মেট্রিক টন চাল খোয়া যাওয়ায় পরিবহণ ঠিকাদারের নিকট হতে ক্ষতির মূল্য আদায় না করায় ৮,৫১,৩২০ (আট লক্ষ একান্ন হাজার তিনশত বিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট ৮(ক)]।

বিস্তারিত নিরীক্ষায় পরিবহণ নথি, ইনভয়েস ও সংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্র হতে দেখা যায় যে, সিআরটিসি প্রোগ্রাম নং-২৯৭ তাং-০২/০৫/২০১৭ খ্রি. এর বিপরীতে সিএসডি, সান্তাহার, বগুড়া হতে বড়লেখা এলএসডি, মৌলভীবাজারে বিআরটিসি পরিবহণ ঠিকাদারের মাধ্যমে ইনভয়েস নং-২৮৯২৮৮৫ তে ০৯/০৫/২০১৭ খ্রি. তারিখে ৩০২ বস্তায় ১৫.০০ মেট্রিক টন চাল প্রেরণ করা হয়।

বোঝাই ট্রাকটি পথিমধ্যে খোয়া যায় বলে প্রতিবেদনের মাধ্যমে জানা যায়। নিরীক্ষায় খোয়া যাওয়া পণ্য জমা করা সংক্রান্ত কোন কাগজপত্র পাওয়া যায়নি। সুতরাং ১৫.০০ মেট্রিক টন চাল খোয়া/হারিয়ে যাওয়ায় উক্ত চালের মূল্য বাবদ সরকারের (১৫.০০× ৩৭৮৩৬.৪৪) বা ৫,৬৭,৫৪৬.৬০ টাকা ক্ষাতি সাধিত হয়েছে।

সিআরটিসি পরিবহণ ঠিকাদারের চুক্তির শর্ত নং-৮.৪ ও ৮.৬ মোতাবেক খোয়া যাওয়া পণ্য যথাসময়ে জমা না দেয়ায় উক্ত পণ্যের মূল্যের দেড় গুণ হারে সংশ্লিষ্ট পরিবহণ ঠিকাদারের নিকট হতে ক্ষতির টাকা আদায়যোগ্য। অর্থাৎ পরিবহণ ঠিকাদারের নিকট থেকে (১৫.০০× ৩৭৮৩৬.৪৪) বা ৫,৬৭,৫৪৬.৬×১.৫ বা ৮,৫১,৩১৯ টাকা আদায়যোগ্য।

অনিয়মের কারণ :

সিআরটিসি পরিবহণ ঠিকাদারের চুক্তির শর্ত নং-৮.৪ ও ৮.৬ এর লঙ্ঘন [বিস্তারিত পরিশিষ্ট-৮(খ)]।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

গাড়ী হারালেও পরবর্তীতে পরিবহণ ঠিকাদার উল্লিখিত পরিমাণ চাল নির্দিষ্ট গন্তব্যে পৌঁছে দিয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

মালামাল নির্দিষ্ট গন্তব্যে পৌঁছার/প্রাপক কেন্দ্র কর্তৃক খাদ্য শস্য গ্রহণের কোন প্রমাণক না থাকায় খোয়া যাওয়া পণ্যের মূল্য বাবদ আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্ট পরিবহণ ঠিকাদারের নিকট হতে আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ০৯

শিরোনাম : প্রকল্প সমাপ্তির পর অব্যয়িত ৬,৪০,১৬,৪১৭ (ছয় কোটি চল্লিশ লক্ষ ষোল হাজার চারশত সতের) টাকা সরকারি কোষাগারে জমা না করে বাণিজ্যিক ব্যাংকে এফডিআর করায় সরকারের আর্থিক ক্ষতি।

বিবরণ :

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৭-১৮ অর্থ বছরে প্রকল্প সমাপ্তির পর অব্যয়িত অর্থ ৬,৪০,১৬,৪১৭ টাকা সরকারি কোষাগারে জমা না করে বাণিজ্যিক ব্যাংকে এফডিআর করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত অফিসের প্রকল্প সংক্রান্ত ডকুমেন্টস নিরীক্ষাকালে দেখা যায় যে, অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ তারিখ: ২০/০৬/২০১৮ খ্রি. এর মাধ্যমে জারিকৃত "উন্নয়ন প্রকল্পে অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা" এর ক্রমিক নং ১৫ তে উল্লেখ করা হয়েছে যে, প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ, সরকারি দপ্তর/অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের অব্যয়িত সমুদয় অর্থ ৩০ জুন তারিখের মধ্যে (সিএও বরাবর আদেশ জারির মাধ্যমে) সমর্পণ করতে হবে এবং বিবরণীর কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের অব্যয়িত অর্থ অনতিবিলম্বে সরকারি কোষাগারে জমার বাধ্যবাধকতা থাকলেও এক্ষেত্রে উক্ত অর্থ সরকারি কোষাগারে জমা না করে বাণিজ্যিক ব্যাংকে এফডিআর করা হয়েছে।

এছাড়া অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের উন্নয়ন শাখার ২৩/১০/১৫ খ্রি. তারিখের স্মারক নং অম/অবি/উঃগঃশাঃ/০৩/৯৪/২৫৩ (২০০) মোতাবেক অর্জিত সুদ সরকারি কোষাগারে জমা করতে হবে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে অর্জিত সুদও সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি [বিস্তারিত পরিশিষ্ট-৯(ক)]।

অনিয়মের কারণ :

অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ তারিখ: ২০/০৬/২০১৮ খ্রি.এর মাধ্যমে জারিকৃত "উন্নয়ন প্রকল্পে অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা" এর ক্রমিক নং ১৫ এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

পরবর্তীতে অত্র কার্যালয়ের সিদ্ধান্ত নিরীক্ষাকে জানানো হবে। ১৬/৭/২০১৯ খ্রি. তারিখে অনুচ্ছেদটি সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোন জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য :

প্রকল্পের অব্যয়িত সমুদয় অর্থ ৩০ জুন তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা না করে বাণিজ্যিক ব্যাংকে এফডিআর করে উল্লিখিত আদেশের সুস্পষ্টভাবে লঙ্ঘন করা হয়েছে। তাছাড়া উক্ত অর্থ এফডিআর করার ফলে অর্জিত সুদও সরকারি কোষাগারে জমা করা হয়নি।

নিরীক্ষা সুপারিশ :

আপত্তিকৃত অব্যয়িত এবং এফডিআরকৃত অর্থ এবং এ থেকে প্রাপ্ত সুদ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

দ্বিতীয় অংশ

পরিশিষ্টসমূহ

অনুচ্ছেদ নম্বর-০১
পরিশিষ্ট-০১(ক)

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর কার্যালয়
অব্যবহৃত বস্তা মজুদ থাকা সত্ত্বেও অপ্রয়োজনীয় বস্তা ক্রয়ের বিবরণী:

অর্থ বছর	বস্তার বিবরণ		মোট বস্তার পরিমাণ ও মূল্য	৩০.০৬.২০১৭ পর্যন্ত ব্যবহার	অব্যবহৃত স্থিতি
	৫০ কেজি	৩০ কেজি			
১	২	৩	৪	৫	৬
২০১৫-২০১৬	৫.০০ কোটি পিস	১.০০ কোটি	৬.০০ কোটি পিস মূল্য-৩০৩৯৩.৬৭ লক্ষ টাকা	৩৩১.৪৩লক্ষ পিস	২৬৮.৫৮ লক্ষ পিস
২০১৬-২০১৭	৪.৫০ কোটি পিস	৩.৫০ কোটি	৮.০০ কোটি পিস মূল্য-৩৭০৬৬.৬১ লক্ষ টাকা	৩২২.৬১ লক্ষ পিস	৪৭৭.৩৯ লক্ষ পিস
৩০ জুন, ২০১৭ তারিখে অব্যবহৃত মজুদ					৭৪৫.৯৭ লক্ষ পিস
২০১৭-২০১৮	১.০০ কোটি পিস	৩.৭০ কোটি	৪.৭০ কোটি পিস মূল্য-২১৯৬৭.৪১ লক্ষ টাকা		

জিএফআর, বিধি-১০. সরকারি তহবিল হইতে অর্থ ব্যয়ে কিংবা ব্যয়ের অনুমতি প্রদানে ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্মকর্তা উচ্চ আর্থিক যথার্থতার মানদন্ড দ্বারা পরিচালিত হইবেন। এক্ষেত্রে যে সকল নীতির উপর সাধারণত গুরুত্ব আরোপ করা হয় তাহা নিম্নরূপ:

